



# ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়

টিসিবি ভবন, ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.tcb.gov.bd

স্মারক নং-২৬.০৫.০০০০.০০৫.০১১.০৭৮.২৬-১৭৯৯

তারিখঃ ১৮-০৫-২০২৬খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি)-এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে নিম্নবর্ণিত পদে চুক্তিভিত্তিক জনবল নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নলিখিত শর্তে সশরীরে উপস্থিত হয়ে (Walk-In-Interview) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের নাম                   | সর্বসাকুল্য বেতন (জেলাভিত্তিক)  | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা   |
|---------|----------------------------|---|-----------|---|
| ১.      | সহকারী প্রকৌশলী (সিভিল)    | ঢাকা=৩৫,৬০০/-<br>(গ্রেড-৯ম)   | ০১ জন     | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ অন্যান্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>খ) সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২.      | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) | ঢাকা=২৭,১০০/-,<br>চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল<br>ও রংপুর=২৫,৫০০/-,<br>মৌলভীবাজার=২৪,৭০০/-<br>(গ্রেড-১০ম) | ০৬ জন     | ক) স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা ইন সিভিল ইঞ্জিনিয়ারিং এ কমপক্ষে দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএতে উত্তীর্ণ।<br>খ) সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।                |

### শর্তাবলীঃ

- আগামী ০৩/০৬/২০২৬খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকায় ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি), প্রধান কার্যালয়, টিসিবি ভবন (৩য় তলা), ১, কাওরান বাজার, ঢাকায় প্রার্থীদের Walk-In-Interview অনুষ্ঠিত হবে;
- Walk-In-Interview এ অংশগ্রহণের সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, অভিজ্ঞতার সনদপত্র প্রদর্শনপূর্বক আবেদনপত্র, ০১ (এক) সেট সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবিসহ যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো;
- সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রজেক্ট চলাকালীন ০৬ (ছয়) মাসের জন্য নিয়োগ করা হবে এবং প্রতিষ্ঠান প্রয়োজনে আরও ০৬ (ছয়) মাস মেয়াদ বৃদ্ধি করে ১২ (বারো) মাস পর্যন্ত করার ক্ষমতা সংরক্ষণ করে;
- প্রার্থীর বয়স ২২-৩৫ বছর হতে হবে;
- প্রকল্প এলাকার প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে;
- Walk-In-Interview এ অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না;
- আবেদনপত্র গ্রহণ, বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ প্রক্রিয়া বাতিল/স্থগিত/পরিবর্তন ও হ্রাস-বৃদ্ধি করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।

  
(প্রতাপ কুমার)  
যুগ্ম পরিচালক (প্রশাসন)  
ফোনঃ ০২-৫৫০১৪২৭৪  
টিসিবি প্রধান কার্যালয়

টিসিবি ভবন, ১, কাওরান বাজার, ঢাকা।